আমরা কোনো স্থানে অবতরণ করলে বাহনের পিঠ থেকে বোঝা নামিয়ে এর বিশ্রামের ব্যবস্থা না করা পর্যন্ত সালাত আদায় করতাম না।

আনাস বিন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা কোনো স্থানে
অবতরণ করলে বাহনের পিঠ থেকে বোঝা নামিয়ে এর বিশ্রামের ব্যবস্থা না করা পর্যন্ত
সালাত আদায় করতাম না।”
[সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

হাদীসের অর্থ হলো সালাতের প্রতি আমাদের প্রচুর আগ্রহ থাকা সত্ত্বেও বাহনকে কষ্ট দেওয়া থেকে বাচানোর নিমিত্তে বাহনের পিঠ থেকে মালামাল নামোনোর আগে সালাত আদায় করতাম না।

http://sunnah.global/hadeeth/bn/show/5999